

উচ্চশিক্ষা

ইসলামী বিশ্ববিদ্যালয়ের ২৫ নভেম্বরের সব পরীক্ষা স্থগিত

নিজস্ব প্রতিবেদক ঢাকা

প্রকাশ: ২৩ নভেম্বর ২০২৪, ২১: ১৮



ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া ফাইল ছবি

৪৬তম বিশ্ববিদ্যালয় দিবস উপলক্ষে আগামী সোমবার (২৫ নভেম্বর) ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) সব বিভাগের পূর্বনির্ধারিত পরীক্ষাসমূহ স্থগিত করেছে কর্তৃপক্ষ। আজ শনিবার (২৩ নভেম্বর) বিশ্ববিদ্যালয়ের এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, সোমবার ৪৬তম ইসলামী বিশ্ববিদ্যালয় উদ্‌যাপন উপলক্ষে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক বিস্তারিত কর্মসূচি গ্রহণ করায় ওই দিন সব বিভাগের পূর্বনির্ধারিত পরীক্ষাসমূহ স্থগিত করা হলো।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, বিশ্ববিদ্যালয় দিবস উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরে ভ্যান, ইজিবাইক ও মোটরসাইকেল চলাচল নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে। আগামীকাল রোববার বেলা ২টা থেকে সোমবার সন্ধ্যা ৬টা পর্যন্ত ক্যাম্পাসের অভ্যন্তরে এসব যানবাহন চলাচলে নিষেধাজ্ঞা আরোপের কথা জানানো হয়।

